



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস ইউনিভার্সিটির ২য় সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী তুন ড. মাহাথির মোহাম্মদের হাতে ক্রেস্ট তুলে দেন—ফোকাস বাংলা

উন্নয়নের পূর্বশর্ত রাজনৈতিক

স্থিতিশীলতা: ড. মাহাথির মোহাম্মদ

কূটনৈতিক প্রতিবেদক

আধুনিক মালয়েশিয়ার রূপকার ও দেশটির সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ বলেছেন, যে কোনো দেশের উন্নতির জন্য স্থিতিশীল পরিস্থিতির প্রয়োজন। রাজনৈতিক অনৈক্য ও অস্থিতিশীলতা থাকলে অমিত সম্ভাবনা থাকা সত্ত্বেও অগ্রগতি সম্ভব হয় নয়। গতকাল রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) সমাবর্তনে যোগদান শেষে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

রাষ্ট্রপতি আবদুল হামিদের সভাপতিত্বে সমাবর্তন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইউআইটিএসের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান। বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মুহাম্মদ সামাদ ও উপ-উপাচার্য ড. কেএম সাইফুল ইসলাম খান। মাহাথির মোহাম্মদ বলেন, কোনো দেশের উন্নতি করার জন্য স্থিতিশীল পরিস্থিতির প্রয়োজন। রাজপথে বিক্ষোভের মাধ্যমে কোনো দেশ উন্নতি করতে পারে না। তার মতে, রাজপথে বিক্ষোভ করে কোনো সরকারকে সরানো হলে পরে যারা ক্ষমতায় যাবে তাদের ক্ষেত্রেও একই পরিণতি হবে। কোনো নির্বাচনেই সব পক্ষ জয়ী হয় না, এ কথা উল্লেখ করে তিনি বলেন, যে কোনো নির্বাচনেই একপক্ষ জয়ী হয় এবং আরেক পক্ষ পরাজিত পৃষ্ঠা ১১ কলাম ৫

উন্নয়নের পূর্বশর্ত রাজনৈতিক

শেষ পৃষ্ঠার পর

হয়। যারা নির্বাচনে পরাজিত হয় তাদের ধৈর্য ধরতে হবে। পরবর্তী নির্বাচন পর্যন্ত অপেক্ষা করতে হবে।

ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন বক্তার বক্তব্যে গণতান্ত্রিকভাবে এশিয়ার সবচেয়ে দীর্ঘদিনের প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ মুসলিম উম্মাহকে জ্ঞান-বিজ্ঞানে উন্নতির চরম শিখরে পৌঁছার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি বলেন, বৈশ্বিক প্রয়োজনীয়তার জন্যই মুসলিম বিশ্বকে জ্ঞান-বিজ্ঞান আর প্রযুক্তিতে শ্রেষ্ঠত্ব অর্জন করতে হবে। তা না হলে কাঙ্ক্ষিত উন্নতি সম্ভব নয় বলে মন্তব্য করেন তিনি। সমাবর্তনে সভাপতির বক্তব্যে রাষ্ট্রপতি আবদুল হামিদ দরিদ্র মেধাবী শিক্ষার্থীরা যাতে উচ্চশিক্ষা গ্রহণ করতে পারে সেজন্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে শিক্ষাবৃত্তি বাড়ানোর আহ্বান জানান। তিনি বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কেবল উচ্চবিত্তদের সুযোগ থাকলে হবে না সেখানে গরিব মেধাবীদেরও পড়াশোনার সুযোগ দিতে হবে। এ বিষয়টি নিশ্চিত করতে তিনি সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ সফরে আসার জন্য মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, বাংলাদেশের জনগণের প্রতি তার ব্যক্তিগত ভালোবাসা আছে বলেই তিনি এখানে এসেছেন। রাষ্ট্রপতি গ্যাজুয়েটদের দেশের গুরুত্বপূর্ণ মানবসম্পদ হিসেবে উল্লেখ করে তাদের উদ্দেশে বলেন, দেশকে উচ্চতর স্তরে নিয়ে যেতে তোমাদের সহায়তা করতে হবে। তোমরা দেশ ও জাতির কাছে ঋণী। তোমরা তোমাদের অর্জিত জ্ঞান ও মেধা দিয়ে দেশের সেবা করতে পারলে তবেই দেশ ও জাতির প্রতি তোমাদের ঋণ কিছুটা হলেও পরিশোধ হবে। জাতি গঠনের প্রথম সিঁড়ি হলো শিক্ষা— এমন মন্তব্য করে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে অসাম্প্রদায়িক চেতনায় শিক্ষার্থীদের জ্ঞান আহরণের আহ্বান জানান রাষ্ট্রপতি আবদুল হামিদ।

উল্লেখ্য, বাংলাদেশের একটি ব্যতিক্রমধর্মী বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ইউআইটিএসের এটি দ্বিতীয় সমাবর্তন। সমাবর্তন অনুষ্ঠানে ৬ কৃতী শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। এ ছাড়া স্নাতক পর্যায়ে ৩ হাজার ৬৮৬ জন এবং স্নাতকোত্তর পর্যায়ে মোট ২ হাজার ৩৯৫ জনকে সনদ প্রদান করা হয়।